গাংনী লকডাউন বাস্তবায়নে ভ্রাম্যমাণ আদালতে ১৭৪ জনের জরিমানা

করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে তৃতীয় ধাপের লকডাউন বাস্তবায়নে বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছেন গাংনী উপজেলা প্রশাসন। বাংলাদেশ সেনাবাহিনী ,র্যাব,পলিশ,বিজিবি,আনসার সদস্যদের সাথে নিয়ে ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালিত হয়। অভিযানে নেতৃত্ব দেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম । আবার কোনো কোনো সময় তারই নের্তৃত্বে গাংনী উপজেলান বিভিন্ন প্রান্তে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম। উপজেলার পৌর শহরসহ বিভিন্ন হাটবাজার,গ্রামের চায়ের দোকানেও হানা দেয় ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারি দল। এ অভিযানে আইন ভঙ্গের অপরাধে কাউকে দেয়া হয়েছে অর্থদন্ড এবং কাউকে দেয়া হয়েছে হুশিয়ারী। নিজেকে বাঁচিয়ে রেখে অন্যকে বাঁচানোর আপ্রাণ চেষ্টা ছিল উপজেলা প্রশাসনের। লকডাউন বাস্তবায়নে উপজেলা প্রশানের ভুমিকা ছিল প্রশংসনীয়।

জানা গেছে, দেশে সরকার ঘোষিত ঠোর লকডাউন শুরু হয় ২৩ জুন ২০২১ তারিখ থেকে। পরিস্থিতি অবনতি হওয়ায় তিন বার সাত দিন করে বৃদ্ধি করা হয়। কঠেঅর লকডাউনের মোট কার্যদিবস ছিল ২১ দিন। ২১ দিনে উপজেলার বিভিন্ন গ্রামের চায়ের দোকান থেকে শুরু করে বিভিন্ন ধরনের ব্যাবসা প্রতিষ্ঠানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। প্রাপ্ত তথ্য মতে উপজেলায় মোট ভ্রাম্যমাণ আদালত এর সংখ্যা ০১/০৬/২১ হইতে ২৯/০৬/২১ তারিখ পর্যন্ত আইন ভঙ্গের অপরাধে ৯৬ টি মামলা হয়েছে। এদের বিভিন্ন ভাবে অর্থ দন্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত। ৯৬ টি মামলায় জরিমানা করা হয় ৪৭ হাজার ৭০০ টাকা।

এছাড়াও ১লা জুলই ২০২১ হইতে ৩০ জুলাই ২০২১ পর্যন্ত ৭৮ জনকে অর্থ দন্ড প্রদান করা হয়। ৭৮ জন ব্যাক্তিকে অর্থ দন্ডের মাধ্যমে আদায় করা হয় ৪০ হাজার ৬০০ টাকা। দন্ডবিধি ১৮০ এর ২৬৯ম ধারায় সকলকে অর্থ দন্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত। এসকল ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারি কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার ম্যেসুমী খানম।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, মানুষের মধ্যে জনসচেতনতা বৃদ্ধি,দোকানপাট বন্ধের নির্দেশনা মানুষকে ঘরে রাখার চেষ্টায় ছিল আমাদের মুল উদ্দেশ্য। যারা একেবারেই আইন কিংবা সরকারি বিধি নিষেধকে মানতে চাইনি তাদেরকেই কেবল মাত্র মোবাইল কোর্টের আওতায় এনে সতর্কতামুলক জরিমানা করা হয়েছে। তবে বিভিন্ন এলাকায় আমাদের আগমন বা উপস্থিতি টের পেয়ে মানুষ দোকাপাট ছেড়ে বাড়ি চলে গেছেন। আমাদের অভিযান সফল বলে মনে করেছি তখনই,যখন মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি হয়েছে এবং মানুষ স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরে ঘরের বাইরে প্রয়োজনে বেরিয়েছেন। তিনি আরো বলেন, বাংলাদেশ সেনাবাহিনী,র্যাব,পুলিশ,বিজিবি ও আনসারদের আমরা যখন ডেকেছি তারাও আমাদের কাজে যথা সময়ে সাড়া দিয়েছে। শর্তসাপেক্ষে লকডাউন শিথিল করা হয়েছে। শর্তভঙ্গ করলে তাদের বিরদ্ধে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

দৌলতপুরে ১৭০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ১৭০ বোতল ফেন্সিডিলসহ মোঃ সুরুজ মন্ডল
(৫০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

বুধবার সকালে দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের গোবরগাড়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি) কুষ্টিয়ার কর্মকর্তারা।

এসময় তার বসতবাড়ি থেকে একটি প্লাস্টিক বস্তায় ১৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

আটককৃত মাদক ব্যবসায়ী মোঃ সুরুজ মন্ডল দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের গোবরগাড়া গ্রামের মৃত হারান মন্ডলের ছেলে।

কুষ্টিয়া জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)’র

মোহাম্মদ শহীদুল মান্নাফ কবীর জানান, ইন্সপেক্টর মোঃ বেলাল হোসেনের নের্তৃত্বে একটি দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের গোবরগাড়া গ্রামে মোঃ সুরুজ মন্ডলকে আটক করা হয়। এসময় তার বসতবাড়ি থেকে একটি প্লাস্টিক বস্তায় ১৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

আটককৃত সুরুজ মন্ডলের বিরুদ্ধে দৌলতপুর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর ৩৬ ধারার ১ সারণির ১৪(গ) এ একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। জনস্বার্থে এৃন অভিযান অব্যহত থাকবে বলেও জানান তিনি।

মেহেরপুরে সোনালী ব্যাংক এর উদ্যোগে ত্রাণ বিতরণ

সেনালী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।
পল্লী উন্নয়ন প্রকল্পের আওতাধীন করোনা ভাইরাস সংক্রমণ জনিত কারণে ক্ষতিগ্রস্থ ও অসহায় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত ও সোনালী ব্যাংকের অসহায় দরিদ্র গ্রাহক সহ ৩২৫ জনের মধ্যে এই ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়।

জেলা প্রশাসক ড মোহাম্মদ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খাদ্য সহায়তা বিতরণের উদ্বোধন করেন।

এসময় উপস্থিত ক্ষতিগ্রস্থদের মাঝে চাল, ডাল, আলু, পেঁয়াজ, সাবান, তেল, মশলা, মাস্ক ও ১ হাজার নগদ অর্থ সহ বিভিন্ন ভোগ্যপণ্য বিতরণ করা হয়।

এ সময় বাংলাদেশ আওয়ামী লীগ মেহেরপুর জেলা শাখার যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, পি.পি পল্লোব

ভট্টাচার্য,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মুজাহিদুল ইসলাম, সোনালী ব্যাংক চুয়াডাঙ্গা অঞ্চলের ডেপুটি জেনারেল ম্যানেজার নাজমুল হক, মেহেরপুর শাখার সহকারি জোনাল ম্যানেজার হুমায়ুন ছাড়াও সোনালী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর শাখার অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মোবাইল ফোনে সাংবাদিককে হত্যার হুমকি দুর্বৃত্তদের ! থানায় জিডি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের সাংবাদিক হাসমত আলীকে মোবাইল ফোনে হত্যার হুমকি দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার ভোরে ৪টি মোবাইল নম্বর থেকে তাকে এই হত্যার হুমকি দেওয়া হয়েছে।

তিনি উপজেলার কুড়ুরগাছি গ্রামের আবু তালেবের ছেলে ও দৈনিক যায়যায়দিন পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি। এ ঘটনায় গতকাল মঙ্গলবার দুপুরে সাংবাদিক হাসমত আলী বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করেছেন।

সাংবাদিক হাসমত আলী জানান, মঙ্গলবার ভোরে তিনি দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি নিজ বাড়িতে শুয়ে ছিলেন। এ সময় ০১৫১৮৭৬৪০৮৯ নম্বর মোবাইল থেকে তাকে ফোন করে হত্যার হুমকি প্রদর্শন করে। এসময় আমি ফোনটি কেটে দিয়। পরবর্তীতে আরও ০১৫১৮৭৬৪৯৯৩, ০১৫১৮৭৬৪৭৮৫, +১৯৭১০১৯৫২ তিনটি নাম্বার থেকে আমাকে ফোন দিয়ে হত্যার হুমকি প্রদর্শন করেছে।

ঘটনার পর আমি নিরাপত্তাহীনতায় ভুগছি।এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়রি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু ও সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন বলেন, সাংবাদিক হাসমত আলীকে হত্যার হুমকি দেওয়ায় আমরা উদ্বিগ্ন প্রকাশ করছি। হত্যার হুমকি

দেওয়ার ঘটনার সাথে যারা জড়িত তাদেরকে দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবি জানিয়েছেন।

মেহেরপুরে নতুন করে ৩১ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে আরও ৩১ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ১ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ০৯ জন, গাংনীতে ১৭ জন, মুজিবনগর ০৫ জন।

মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৯৬ টি। তারমধ্যে ৩১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪৫৬ জন। তার মধ্যে সদরে ১২৬ জন, গাংনীতে ২৩৭ জন এবং মুজিবনগরে ৯৩ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৫৯ জন । মৃতদের মধ্যে সদরে ৭১ জন, গাংনী ৫৩ জন ও মুজিবনগরে ৩৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে

সকাল থেকে লাইনে দাড়িয়েও মেলেনি টিকা

কোভিড -১৯ করোনা ভাইরাসের টিকা শেষ হয়ে গেছে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে। মঙ্গলবার ৫০টি ডোজ থাকলে তা বেলা সাড়ে নয়টার ভিতরে শেষ হয়ে যায়। সকাল থেকে লাইনে দাড়িয়ে থেকেও মেলেনি টিকা অভিযোগ গ্রহীতাদের।

উপজেলার সোনাপুর গ্রামের হাফিজা খাতুন অভিযোগ করেন মোবাইলে মেসেজ পেয়ে তিনি করোনা ভাইরাসের ১ম ডোজ টিকা নেওয়ার জন্য সকাল ৭ টা থেকে লাইনে দাড়িয়ে আছেন কিন্তু দায়িত্বে থাকা হাসপাতালের লোকজন লাইনে না দাড়িয়ে অবৈধ্যভাবে নিজের পরিচিত জনদেরকে আগে টিকা দিয়ে দেওয়ার কারনে আমরা সাধারণ মানুষ সকাল থেকে দাড়িয়ে থেকেও টিকা পাচ্ছিনা।

শেষে সকাল ১০টার দিকে আমাদের বলল টিকা শেষ আপনারা চলে যান টিকা আসলে আপনাদের জানানো হবে।এ রকম ভাবে মোবাইলে মেসেজ আসার পরেও টিকা না পেয়ে ফিরে যেতে হচ্ছে অনেককে। তারা কবে টিকা পাবে তার নিশ্চয়তা পাচ্ছেনা টিকা গ্রহীতারা।

এ বিষয়ে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা: মুজিবুর রহমান বলেন, টিকা কম থাকার কারনে এ রকম অপ্রীতিকর ঘটনার কথা শুনেছি। পরবর্তীতে যাতে মেসেজ পাওয়ার পরে আগে আসলে আগে পাবে এই ভিত্তিতে টিকা দেওয়া হবে। আর যে সকল টিকা গ্রহীতা টিকা না থাকার কারনে মেসেজ পাওয়ার পরেও টিকা পায়নি তাদের কে পরবর্তীতে টিকা দেওয়া হবে। আমরা ইতিমধ্যে টিকার চাহিদা উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছি। আশা করি কয়েক দিনের ভিতরে আমরা ১ম ডোজের টিকা পেয়ে যাব। তিনি আরো জানান গতকাল থেকে আমরা ২য় ডোজের টিকা দিচ্ছি কিন্তু দুঃখের বিষয় যথাসম্ভব আমাদের ২য় ডোজের টিকাও শেষ হয়ে যাবে।

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর হিসাব অনুযায়ী ২য় দফায় গতকাল মঙ্গলবার পর্যন্ত উপজেলার ৮ হাজার ৪ শত জন করোনা ভাইরাসের ১ম ডোজ টিকা পেয়েছেন । গত ১১ই জুলায় করোনা ভাইরাসের ২য় দফা সিনোর্ফাম এর টীকা দেওয়া শুরু হয় ১০ আগষ্ট পর্যন্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স করোনা টিকার ৩ হাজার ভয়েল পেয়েছেন। ভয়েল

প্রতি ২ জন করে ৬ হাজার জন কে টিকা দেওয়া সম্পূর্ণ হয়েছে। তাছাড়া ইউনিয়ন পর্যায়ে গনটিকার আওতায় ২ হাজার ৪শত জনকে টিকা দেওয়া হয়েছে। ২য় ডোজে টিকা পেয়েছেন ১শত ভয়েল যা ১০ জন করে ১ হাজার জনকে দেয়া হবে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ২ জন আহত

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় মেহেদি (২১) ও রাজ ◌ু(২০) নামে ২ জন আহত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যার সময় বল্লভপুর আনন্দবাস সড়কে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বল্লভপুর-আন্দবাস সড়কে আনন্দবাস থেকে ২টি মটরসাইকেল ওভার স্পিডে রেস দিয়ে বল্লভপুরের দিকে আসছিল এ সময় বাগোয়ান তেকোনা পুকুর সংলগ্ন ঘাস বোঝায় ভ্যান গাড়ি কে ওভারটেক করার সময় রেস প্রদানকারী ২ মটরসাইকেলের হ্যান্ডেল বারে পাশাপাশি বেঁধে যাওয়ার ফলে মারাত্মক দুর্ঘটনার স্বীকার হয় একটি মটোরসাইকেল, দুর্ঘটনা কবলিত মটরসাইকেলটি চালক গোপালনগর গ্রামের মৃত আরশাদ আলীর ছেলে মেহেদী এবং আরোহী একই গ্রামের রাজ এর ছেলে রাজু আহত হয়।

স্থানীয় পথচারিরা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।

গাড়ির চালক মেহেদীর অবস্থা আশংকাজনক হওয়ায় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্তব্যরত চিকিৎসক মেহেদীকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

১৫ ই আগষ্ট পালন উপলক্ষ্যে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের প্রস্তুতি সভা

মুজিবনগরে ১৫ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামীলীগ। মঙ্গলবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি জিয়াউদ্দিন বিশ্বাস সভাপতিত্বে ১৫ই আগষ্টের প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন।

এছাড়াও মহাজনপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রেজাউল রহমান (নান্নু), সাধারণ সম্পাদক আব্দুর রশিদ (বল্টু), মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক জামাত আলী, বাগোয়ান ইউনিয়নের আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক এবং বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র যুগ্ম সম্পাদক মাহবুব আলম, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম ঝুটিকা, সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সুজিত মন্ডল, সাধারণ সম্পাদক দানিয়েল মোল্লা, উপজেলা কাঁচা মাল ব্যাবসায়ী কমিটির সভাপতি সোহেল রানা, মোনাখালি ইউনিয়ন ১নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান (সোনা), দারিয়াপুর ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইয়ামিন আলী, বাগোয়ান ইউনিয়ন ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামাল উদ্দিন,ওয়ার্ড সদস্য আনোয়ারুল ইসলাম, শংকর বিশ্বাস প্রমূখ উপস্থিত ছিলেন।

উপজেলা আওয়ামীলীগের কর্মসূচিতে ১৫ই আগষ্ট সকালে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের ব্যানারে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, র্ ◌্যালি এবং উপজেলার কেদারগঞ্জ বাজারে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতির জনক ও তার পরিবার এবং সকল শহীদের আত্মার

মাগফেরাত কামনা করে দোয়া ও মিলাদ মহফিল।

মিরপুর হাসপাতালে মাল্টিপারপাস পেসেন্ট মনিটর ও বেড প্রদান করলো দিশা

মানব কল্যাণে নিবেদিত প্রতিষ্ঠান হিসেবে দিশা আবারো এগিয়ে এসেছে করোনা রোগীদের চিকিৎসা সহায়তা কার্যক্রমে।
মঙ্গলবার দিশার পক্ষ থেকে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুষ্টিয়ার অনুকূলে ৩ টি পেসেন্ট বেড ও ৩ টি মাল্টিপারপাস পেসেন্ট মনিটর হস্তান্তর করা হয়েছে।

এছাড়াও ঢাকাস্থ মিরপুর উপজেলা সমিতির পক্ষ হতে ১ টি ও বিশিষ্ট ব্যবসায়ী বশির উদ্দিন এর পক্ষ হতে ১ টি হাইফো ন্যাজাল ক্যানুলা প্রদান করা হয়।

এ সময় মিরপুর উপজেলা পরিষদ এর চেয়ারম্যান আলহাজ্ব কামারুল আরেফীন, দিশার নির্বাহী পরিচালক মো. রবিউল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ডা. পীযূষ কুমার সাহাসহ স্বাস্থ্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চিকিৎসা সরঞ্জামাদি গ্রহণ করে মিরপুর উপজেলা চেয়ারম্যান কামারুল আরেফীন বলেন, অত্র হাসপাতালে করোনা রোগীর বাড়তি চাপ এবং চিকিৎসা সরঞ্জামাদির অপ্রতুলতা থাকায় চিকিৎসা সেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে। দিশার পক্ষ হতে প্রদানকৃত এই সরঞ্জামাদির ব্যবহার করোনা রোগীদের চিকিৎসা সেবাকে আরো বেগবান করবে।

উল্লেখ্য করোনা মহামারীর শুরু থেকেই চিকিৎসকদের আবাসন ব্যবস্থা প্রদান, করোনায় ক্ষতিগ্রস্ত অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী ও ঈদ উপহার বিতর্কিত, হাসপাতালে চিকিৎসার সরঞ্জামাদি প্রদান, সার্ভিস স্টাফ যেমন আয়া, ওয়ার্ড বয়, পরিচ্ছন্নতা কর্মীদের বেতন ভাতাদি প্রদান সহ নানাবিধ সামাজিক উন্নয়ন ও মানবিক কার্যক্রম

ঝিনাইদহে করোনায় ক্ষতিগ্রস্ত কিন্টারগার্টেন স্কুলের শিক্ষকদের পাশে দাড়ালেন জেলা প্রশাসক

দীর্ঘদিন ধরে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বেসরকারি কিন্ডারগার্টেন স্কুলগুলো চরম ক্ষতির মধ্য দিয়ে অতিবাহিত হচ্ছে পাশাপাশি শিক্ষকদের নেই কোনো আয়ের উৎস। এমতো অবস্থায় মানবেতর জীবন যাপন করা শিক্ষকদের পাশে দাঁড়ালেন ঝিনাইদহের জেলা প্রশাসক মজিবর রহমান।
সোনালী ব্যাংক লিমিটেড সিএসআর কার্যক্রম এর আওতায় চলমান করোনাভাইরাস (covid-19) এর কারণে ঝিনাইদহ পৌরসভার মধ্যে ৪৫ টি ক্ষতিগ্রস্ত বেসরকারি কিন্ডারগার্টেন স্কুলের শিক্ষক ও কর্মচারীদের মাঝে মঙ্গলবার সকাল১০ টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ৭ লক্ষ্য ৭৪ হাজার টাকা প্রদান করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান এছাড়া উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা।
ঝিনাইদহ জেলা কিন্ডারগার্টেন এসোসিয়েশনের সভাপতি গোলাম মোস্তফা চঞ্চল, সাধারণ সম্পাদক বজলুর রহমান, চারু গৃহ শিশুস্বর্গ প্রি স্কুলের অধ্যক্ষ আরেফিন অনু সহ সকল কিন্টারগার্টেন স্কুলের পরিচালকবৃন্দ।